**বরিশাল সিটি কর্পোরেশন**
**নগর ভবন**
**বরিশাল।**
**www.barishalcity.gov.bd**

## ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ রায়হান কাওছার
(অতিরিক্ত সচিব)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার
বরিশাল বিভাগ।

**সভার স্থান ঃ নগর ভবন সভাকক্ষ**
সভার তারিখ ঃ ০৯ জানুয়ারি ২০২৫
সভার সময় ঃ বিকাল ০৪:০০ টা
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বলা হয় যে, এখানে যারা উপস্থিত আছেন তাঁরা সকলেই বিভিন্ন দপ্তর/সংস্থার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন এবং পাশাপাশি সরকারি নির্দেশনা মোতাবেক অতিরিক্ত দায়িত্ব হিসেবে বরিশাল সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডের সেবামূলক কার্যক্রম পরিচালনা করছেন। তাই এই বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনা করার অনুরোধ জানানো হয়। অত:পর জনাব মোঃ রেজাউল বারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

**০১নং আলোচ্য সূচীঃ** গত ০৯/১০/২০২৪ তারিখ অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।

**আলোচনাঃ** সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন গত ০৯/১০/২০২৪ তারিখ অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরনী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে ০৫ নং, ৬(খ), ৬(গ), ৬(ঘ) ও ৬(ছ) নং সিদ্ধান্ত সমূহ আগামী সাধারণ সভায় আলোচনাক্রমে সংশোধিত সিদ্ধান্ত গ্রহণ করার প্রস্তবনাসহ দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** গত ০৯/১০/২০২৪ তারিখ অনুষ্ঠিত সাধারণ সভার ০৫ নং, ৬(খ), ৬(গ), ৬(ঘ) ও ৬(ছ) নং সিদ্ধান্ত সমূহ পরবর্তী সাধারণ সভায় আলোচনাক্রমে সংশোধিত সিদ্ধান্ত গ্রহণ করার প্রস্তাবসহ অবশিষ্ট সিদ্ধান্ত সমূহ সম্বলিত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
বাস্তবায়নেঃ প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, বরিশাল সিটি কর্পোরেশন।

**০২ নং আলোচ্য সূচীঃ** প্রকৌশল বিভাগের চলমান উন্নয়নমূলক কাজ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনাঃ** সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ হুমায়ুন কবির, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদা), বরিশাল সিটি কর্পোরেশন সভাকে অবহিত করেন যে, কোভিড প্রকল্পের কাজ চলমান। প্যাকেজ নং ০১ এর আওতায় ৪নং ওয়ার্ডস্থ রোকেয়া আজিম সড়কের কার্পেটিং, আরসিসি ড্রেন নির্মাণ কাজ, ঠিকাদার মেসার্স এস এইচ এন্টারপ্রাইজ এর কাজের ভৌত অগ্রগতি ৭০%। এছাড়া প্যাকেজ নং- ০৫ এর আওতায় ২৮নং ওয়ার্ডস্থ মিয়াজী বাড়ী সড়কে আরসিসি ড্রেন নির্মাণ কাজের ঠিকাদার ক্লাসিক বিল্ডার্স। কাজের অগ্রগতি ৯০%। প্যাকেজ নং ০১ এর কাজ সমাপ্তির মূল সময় ২০/১২/২০২৪ এবং প্যাকেজ নং ০৫ এর কাজ সমাপ্তির মূল সময় ০৯/০১/২০২৫। উল্লিখিত ২টি ঠিকাদারী প্রতিষ্ঠান প্যাকেজ ১ ও প্যাকেজ ৫ এর সময় বর্ধিত করণের আবেদন করেছেন। জনাব মোঃ মহির উদ্দিন শেখ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বলেন, ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজে কোন অবহেলা আছে কি-না তা খতিয়ে দেখতে হবে। এ প্রসঙ্গে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল সিটি কর্পোরেশন বলেন, ড্রেনের এলাইনমেন্ট সংক্রান্ত জটিলতার কারণে যথাসময়ে ঠিকাদারকে সাইট বুঝিয়ে দেয়া সম্ভব হয়নি। এছাড়া অবৈধ স্থাপনা উচ্ছেদে সময় ক্ষেপণের কারণে যথাসময় কাজ সমাপ্ত করা সম্ভব নয় বিধায় মেসার্স এস এইচ এন্টারপ্রাইজ প্যাকেজ নং ০১ এর মেয়াদ ০৯/০৩/২০২৫ তারিখ পর্যন্ত এবং ক্লাসিক বিল্ডার্স প্যাকেজ নং ০৫ এর

চলমান-

মেয়াদ ২৩/০২/২০২৫ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধির আবেদন করেছেন। এছাড়া ১৫নং ওয়ার্ডস্থ আমির কুটির হরিজন কোয়ার্টার নির্মাণ প্রকল্প ওটিএম পদ্ধতিতে টেন্ডার আহ্বানের বিষয় সভায় অনুমোদনের প্রস্তাবসহ সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিলের আওতায় বিভিন্ন অঞ্চলের যেমন 'ক' অঞ্চলে ০৩টি, 'খ' অঞ্চলে ১২টি, 'গ' অঞ্চলে ০৫টি এবং পানি সরবরাহ বিভাগের ০৬টি সহ মোট ২৬ টি জরুরী কাজের কোটেশন দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে বাস্তবায়ন করার বিষয়টি সভায় অনুমোদনের প্রস্তাব করেন। জনাব মানিক লাল দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, বরিশাল সভায় বলেন, বর্ষা মৌসুমে জোয়ারের পানি ড্রেন দিয়ে শহরে ঢুকে শহরে জলাবদ্ধতার সৃষ্টি করে। এ থেকে পরিত্রানের উপায় সম্পর্কে জানতে চাইলে জনাব মোঃ হুমায়ুন কবির, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল সিটি কর্পোরেশন বলেন, ক্রমান্বয়ে নদীর তলদেশ উচু হওয়ার কারণে এমনটি ঘটছে। ভবিষ্যতে রাস্তা-ঘাট উচুঁ করে নির্মাণ করলে এ থেকে পরিত্রাণ পাওয়া যেতে পারে। জনাব মোঃ কবির হোসেন পাটোয়ারী, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ১৮, ২৬ নং ওয়ার্ড বলেন, ২৬নং ওয়ার্ডের বিভিন্ন রাস্তাঘাট যেমন, হরিনাফুলিয়া, ময়দানখোলা ইত্যাদি রাস্তার অবস্থা খুবই খারাপ। এগুলো দ্রুত সংস্কারের প্রস্তাব করেন। জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসাইন, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, বরিশাল এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ২১, ২২ নং ওয়ার্ড সভায় বলেন, বিভিন্ন রাস্তায় ছোট ছোট পটহোল তৈরী হয়েছে, এগুলো দ্রুত মেরামত করলে পরবর্তীতে বড় ধরণের সংস্কারের প্রয়োজন হয় না। তাই তাৎক্ষনিকভাবে এগুলো মেরামতের প্রস্তাব করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত (ক)ঃ** কোভিড প্রকল্পের আওতায় ১নং প্যাকেজের ১নং ওয়ার্ডস্থ রোকেয়া আজিম সড়ক কার্পেটিং, আরসিসি ড্রেন নির্মাণ এবং ২৭নং ওয়ার্ডে হাওলাদার সড়কস্থ আরসিসি ড্রেন নির্মাণ কাজ সমাপ্তির সময় ০৯/০৩/২০২৫ এবং ৫নং প্যাকেজের ২৮নং ওয়ার্ডস্থ মিয়াজী বাড়ী সড়কের পার্শ্বে আরসিসি ডিপ ড্রেন নির্মাণ কাজ সমাপ্তির সময় ২৩/০২/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত (খ)ঃ** বরিশাল মহানগরীর ১৫নং ওয়ার্ডস্থ আমির কুটির হরিজন কলোণী নির্মাণ প্রকল্প ওটিএম পদ্ধতিতে দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত (গ)ঃ** বরিশাল সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিলের আওতায় ক-অঞ্চলে ০৩টি, খ-অঞ্চলে ১২টি, গ-অঞ্চলে ০৫টি এবং পানি সরবরাহ বিভাগের ০৬টি সর্বমোট- ২৬টি জরুরী কাজ কোটেশন দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপঃ

**অঞ্চল-কঃ ০৩ টি**

| ক্রঃ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | ৭নং ওয়ার্ডস্থ ভাটিখানা ১ম গলি সিসি রাস্তা নির্মাণ কাজ | ৯,৯৫,১৭৭/- |
| ২ | ৮নং ওয়ার্ডস্থ বাজার রোড (চকের পোল হতে স্ব-রোড পর্যন্ত) উন্নয়ন কাজ | ৯,৯৮,৪২৪/- |
| ৩ | ২৯নং ওয়ার্ডস্থ বিভাগীয় কমিশনার অফিস কম্পাউন্ড উন্নয়ন কাজ | ৯,৯৯,৭৫৪/- |

চলমান-

অঞ্চল-খঃ ১২ টি

| ক্র: নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | ১০ নং ওয়ার্ডস্থ ভাটার খালের উপর কাঠের ব্রীজ মেরামত কাজ | ২,৬৪,৪৯৯/- |
| ২ | ১০ নং ওয়ার্ডস্থ ডিসি অফিসের পুকুরের পশ্চিম ও দক্ষিন পার্শ্বের গাইড ওয়াল নির্মান কাজ | ৪,৯১,১৪০/- |
| ৩ | ১০ নং ওয়ার্ডস্থ কোর্ট মসজিদ রোডের পার্শ্বে ড্রেন নির্মান কাজ | ৪,৯৯,১৬০/- |
| ৪ | ১০ নং ওয়ার্ডস্থ বিভাগীয় এজি অফিসের মেইন গেট এবং কোর্ট কম্পাউন্ড মসজিদ রোডে ক্রস ড্রেন নির্মান কাজ | ৪,৯০,৯৪৩/- |
| ৫ | কাটপট্টি রোডে কোতয়ালী মডেল থানা সংলগ্ন সিটি কর্পোরেশনের পুকুর পাড়ে পূর্ব ও দক্ষিন ঘাটলা ও টয়লেট মেরামত কাজ | ৩,৫৭,৭২০/- |
| ৬ | আলেকান্দা রোড এবং এম.এ জলিল সড়কের দুই পাশে পটহোল মেরামত কাজ | ৪,২৫,৬৯৫/- |
| ৭ | বান্দ রোড, ক্লাব রোড এবং নজরুল ইসলাম সড়কের পটহোল মেরামত কাজ | ৪,৪৫,২৮৩/- |
| ৮ | ১০ নং ওয়ার্ডে মুক্তিযোদ্ধা পার্কে টয়লেট মেরামত ও ডিপটিউবয়েল ও সাবামার্সিবল পাম্প স্থাপন কাজ | ৩,৩৮,৮৬৫/- |
| ৯ | ০৯ নং ওয়ার্ডস্থ বরিশাল সিটি কর্পোরেশনের টাউন হল রোড মেরামত কাজ | ৪,৯৪,২৩০/- |
| ১০ | ১৩ নং ওয়ার্ডের কালু খান বাড়ী জামে মসজিদ সড়কের আরসিসি রোড এবং ড্রেনের টপ স্লাব নির্মান কাজ | ৫,৯০,১৯৪/- |
| ১১ | ১৩ নং ওয়ার্ডের কালু খান বাড়ী কালু খান জামে মসজিদ হইতে হাফিজুর ইসলাম খান এর বাসা পর্যন্ত আরসিসি রোড নির্মান কাজ | ৫,৯০,৪০৩/- |
| ১২ | ১০ নং ওয়ার্ডে বেলস্ পার্কের পার্শ্বে গ্রীণ সিটি পার্ক মেরামত কাজ | ২,৭৮,৯৭০/- |

অঞ্চল-গঃ ০৫ টি

| ক্র: নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | ২২নং ওয়ার্ডস্থ হাওলাদারবাড়ী জিয়া সড়ক সিসি রাস্তা নির্মাণ কাজ | ৪,৯৯,৩৭০/- |
| ২ | জরুরী ভিত্তিতে ১নং ওয়ার্ডস্থ সাইদুর রহমান সড়কের পটহোল মেরামত কাজ | ৪,৭৪,৯০৮/- |
| ৩ | ২৩নং ওয়ার্ডস্থ সিএন্ডবি রোড থেকে আনোয়ার সাহেবের বাসার দক্ষিণ প্রান্ত পর্যন্ত (১নং সিএন্ডবি পোলের উত্তর পার্শ্বে ২য় গলি) রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন | ২,৩৫,৬০৭/- |
| ৪ | ২২নং ওয়ার্ডস্থ আর এন্ড এইচ রোড থেকে লোহার পোল পর্যন্ত প্রধান জিয়া সড়ক রক্ষনা-বেক্ষন কাজ | ৪,৭৪,৫৫০/- |
| ৫ | Local Government Covid-19 Response and Recovery Project (LGCRRP) এর কাজের প্রি-ওয়ার্ক টোটাল ষ্টেশন সার্ভে কাজ | ১,০৪,৭৭৬/- |

চলমান-

**পানি সরবরাহ বিভাগঃ ০৬ টি**

| ক্র: নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | বরিশাল সিটি কর্পোরেশনে 25 HP ০১টি সাবমারসিবল মটর সরবরাহকরণ কাজ | ২,৪৮,৭৭৪/- |
| ২ | বরিশাল সিটি কর্পোরেশনে 20 HP ও 25 HP ০২টি বিয়ার শ্যাফট পাম্প সরবরাহকরণ কাজ | ২,৯৭,৫০০/- |
| ৩ | বরিশাল সিটি কর্পোরেশনের পানির পাম্পে কন্ট্রোল প্যানেল ও মোটর ক্যাবেল সরবরাহকরণ কাজ | ২,৯০,৩৮৩/- |
| ৪ | বরিশাল সিটি কর্পোরেশনে 20 HP ০১টি সাবমারসিবল মটর সরবরাহকরণ কাজ | ২,১২,৯০৪/- |
| ৫ | বরিশাল সিটি কর্পোরেশনের ১৬নং ওয়ার্ডস্থ বরিশাল মেট্রোপলিটন পুলিশের আলেকান্দা পুলিশ ফাড়িতে ৩৮ মি:মি: ০১টি গভীর নলকূপ স্থাপন, ১০০ মি:মি: ডায়া হাউজিং পাইপসহ ০১ হর্স পাওয়ার সাবমারসিবল পাম্প স্থাপন কাজ | ১,৩০,৬২০/- |
| ৬ | বরিশাল সিটি কর্পোরেশনের ০৩টি সাবমারসিবল মটর রিওয়াইন্ডিং কাজ | ২,৩২,২৬০/- |

**বাস্তবায়নেঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (সকল), বরিশাল সিটি কর্পোরেশন।

**৪নং আলোচ্যসূচীঃ** এসেসমেন্ট শুরুর বিষয়ে সাধারণ সভায় অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনাঃ** জনাব বাবুল হালদার, রাজস্ব কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, সভাপতির অনুমতিক্রমে বলেন, প্রতি পাঁচ বছর পর পর প্রতিটি স্থাপনার পূন:কর ধার্য করার বিধান থাকলেও বিভিন্ন কারনে পুন: কর ধার্য করা হয়নি। তাছাড়া বরিশাল মহানগরীতে বিগত পাঁচ বছরে অনেক স্থাপনা পরিবর্ধন করা হয়েছে, যা এসেসমেন্টের আওতায় আনা প্রয়োজন। সভাপতি এ প্রসঙ্গে বলেন, রাস্তাঘাট উন্নয়নসহ নাগরিক সেবা বৃদ্ধির লক্ষ্যে যেসকল ভবন পরিবর্ধন করা হয়েছে সেগুলো এসেসমেন্টের আওতায় আনার প্রস্তাব করেন। সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাব সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ** বরিশাল মহানগরীতে যেসকল ভবন মালিকগন তাদের স্থাপনা পরিবর্তন/পরিবর্ধন করেছেন, উক্ত স্থাপনাগুলো এসেসমেন্টের আওতায় আনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়, যা ২০১৬ সালের কর ধার্যের রেইট চার্ট অনুযায়ী হোল্ডিং কর ধার্য করা হবে।

**বাস্তবায়নেঃ** প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, রাজস্ব কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।

**৫নং আলোচ্য সূচী-বিবিধ(ক)ঃ** জনাব আ:বা:মো: মশিউর রহমান, বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন সভাপতির অনুমতিক্রমে বলেন, বাংলাদেশের রাজনৈতিক পট-পরিবর্তনের ফলে বরিশাল সিটি কর্পোরেশনের ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট ঘোষণা করা হয়নি। তাই বিধি মোতাবেক, বরিশাল সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন হওয়া আবশ্যক। তিনি বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ছিল ৪৪২,০৭,৭১,৩৮৭/- (চারশত বিয়াল্লিশ কোটি সাত লক্ষ একাত্তর হাজার তিনশত সাতাশি টাকা মাত্র)। সংশোধিত হয়ে তা দাঁড়িয়েছে ২০০,২১,৪০,১৫৫/- (দুইশত কোটি একুশ লক্ষ চল্লিশ হাজার একশত পঞ্চান্ন টাকা মাত্র) এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ৪৫০,৪৩,৭৭,৩২৫/- (চারশত পঞ্চাশ কোটি তেতাল্লিশ লক্ষ সাতাত্তর হাজার তিনশত পঁচিশ টাকা মাত্র)। এছাড়া তিনি বরিশাল সিটি কর্পোরেশনের বার্ষিক আর্থিক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের অনুমোদনের বিষয় উল্লেখ করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান-

**সিদ্ধান্তঃ** (১) বরিশাল সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট ২০০,২১,৪০,১৫৫/- (দুইশত কোটি একুশ লক্ষ চল্লিশ হাজার একশত পঞ্চান্ন টাকা মাত্র) এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ৪৫০,৪৩,৭৭,৩২৫/- (চারশত পঞ্চাশ কোটি তেতাল্লিশ লক্ষ সাতাত্তর হাজার তিনশত পঁচিশ টাকা মাত্র) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) বরিশাল সিটি কর্পোরেশনের বার্ষিক আর্থিক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** প্রধান নির্বাহী কর্মকর্তা, বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।

**৬নং আলোচ্য সূচী-বিবিধ(খ)ঃ** সভাপতি বলেন, ২৪নং ওয়ার্ডস্থ ধান গবেষণা সড়কের মুক্তিযোদ্ধাসহ কতিপয় এলাকাবাসী একটি গলির নাম "জাতীয় কবি কাজী নজরুল ইসলাম স্মরণী" নামকরণের আবেদন করেছেন। মহানগরী এলাকার যেকোন রাস্তার নামকরণের বিষয়টি সিটি কর্পোরেশনের এখতিয়ারভূক্ত বিধায় সভায় উক্ত গলির নাম "কবি কাজী নজরুল ইসলাম স্মরণী" নামকরণের প্রস্তাব করেন। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত প্রস্তাব সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ** বরিশাল সিটি কর্পোরেশনের ২৪নং ওয়ার্ডস্থ ধান গবেষণা সড়কে আক্কেল মিয়ার দোকানের বিপরীত গলির নাম জাতীয় কবি "কাজী নজরুল ইসলাম স্মরণী" নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল সিটি কর্পোরেশন।

**৬নং আলোচ্য সূচী-বিবিধ(গ)ঃ** সভাপতি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, পুকুর, দিঘী, জলাশয় ইত্যাদি বালুদ্বারা ভরাট করণে সরকারি নিষেধাজ্ঞা রয়েছে। কিছু অসাধু ব্যবসায়ী ড্রেজার থেকে পাইপের মাধ্যমে সিটি কর্পোরেশনের রাস্তার ক্ষতিসাধন করে অবৈধভাবে পুকুর, জলাশয় ভরাটের চেষ্টা করলে বরিশাল সিটি কর্পোরেশনের পক্ষ থেকে তাদের প্রতিহত করা হয়। তবে বৈধভাবে অনেকেই বালু উত্তোলন করে ব্যবসা করে থাকেন এবং অনেকেই ঐসকল বালুদ্বারা নিজস্ব নিচু এলাকা ভরাট করে থাকেন। সেক্ষেত্রে প্রতি ঘনফুট বালুর জন্য ০১/- (এক টাকা) হারে টোল ধার্য করা এবং যেসকল বৈধ ড্রেজার মালিকগণ বৈধভাবে পাইপ লাইনের মাধ্যমে বরিশাল মহানগরী এলাকার অকৃষি নিচু জমি, ডোবা, নালা ইত্যাদি বালু দ্বারা ভরাট করবে তারা সিটি কর্পোরেশনের রাস্তার ক্ষতিসাধন করবেনা মর্মে শর্ত সাপেক্ষে এককালীন ২০ (বিশ লক্ষ) টাকা (ফেরতযোগ্য) জামানত প্রদান করে বৈধভাবে বালু ভরাটের অনুমতির প্রস্তাব করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** বৈধভাবে ডোবা, নালা ইত্যাদি বালুদ্বারা ভরাটের ক্ষেত্রে প্রতি ঘনফুট ০১/- (এক টাকা) হারে সিটি কর্পোরেশনে টোল প্রদানের এবং ড্রেজারের পাইপ ব্যবহারের ক্ষেত্রে ড্রেজারের মালিকগণ শর্তসাপেক্ষে এককালীন ২০ (বিশ লক্ষ) টাকা (ফেরতযোগ্য) জামানত প্রদান করে বৈধভাবে বালু ভরাট করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।

চলমান-

**৬নং আলোচ্য সূচী-বিবিধ(ঘ)ঃ** সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক বলেন, বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ৩০টি ওয়ার্ড রয়েছে। নির্বাচিত কাউন্সিলরগণ নির্বাচনের পর তাদের সুবিধামত প্রতিটি ওয়ার্ডে ১টি করে ওয়ার্ড কার্যালয় ভাড়া নিয়ে থাকেন এবং নতুন আসবাবপত্র, কম্পিউটার ইত্যাদি ক্রয় করে থাকেন। এই পুরো অর্থই সিটি কর্পোরেশন তহবিল থেকে প্রদান করা হয়ে থাকে। এই বিপুল পরিমান খরচ হ্রাস করার উদ্দেশ্যে প্রতি ওয়ার্ডে ০১টি করে স্থায়ী ওয়ার্ড কার্যালয় স্থাপনের প্রস্তাব করেন। অধিকাংশ ওয়ার্ডেই সিটি কর্পোরেশনের নিজস্ব জমি/স্থাপনা রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। প্রতি ওয়ার্ডে ০১টি করে স্থায়ী ওয়ার্ড কার্যালয় স্থাপন করা হলে একদিকে যেমন সিটি কর্পোরেশনের অর্থ সাশ্রয় হবে, অন্যদিকে এলাকাবাসী কাঙ্ক্ষিত সেবার জন্য ০১টি স্থায়ী ঠিকানা পাবে বলে তিনি জানান। এ প্রসঙ্গে জনাব মোঃ কবির হোসেন পাটোয়ারী, বিভাগীয় বন কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ১৮ এবং ২৬নং ওয়ার্ড বলেন, ২৬নং ওয়ার্ডে সাবেক জাগুয়া ইউনিয়ন পরিষদ কার্যালয় অবস্থিত, যা বর্তমানে সিটি কর্পোরেশনাধীন। তিনি উক্ত স্থাপনাটিকে ২৬নং ওয়ার্ড কার্যালয় হিসেবে ব্যবহারের প্রস্তাব করেন, তিনি আরও বলেন ১৯নং ওয়ার্ডে তার কার্যালয়ের কিছু অংশ ওজোপাডিকো দখল করে রেখেছে, এব্যাপারেও তিনি প্রতিকার চান। এবিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল সিটি কর্পোরেশন সভাপতির অনুমতিক্রমে বলেন, ১৯নং ওয়ার্ডস্থ বন বিভাগের পার্শ্ব দিয়ে বরিশাল সিটি কর্পোরেশনের চলমান রাস্তায় বন বিভাগের দেয়াল থাকায় উক্ত রাস্তা নির্মাণ বাধাগ্রস্থ হচ্ছে। এ প্রসঙ্গে বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ (১)** বরিশাল সিটি কর্পোরেশনাধীন ৩০টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে ০১ (এক)টি করে স্থায়ী ওয়ার্ড কার্যালয় স্থাপনের এবং প্রয়োজনীয় সরঞ্জাম ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ লক্ষ্যে প্রত্যেক ওয়ার্ড কার্যালয়ের অনুকূলে ৭০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**(২)** ২৬নং ওয়ার্ডে অবস্থিত সাবেক জাগুয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়টি বরিশাল সিটি কর্পোরেশনের সম্পত্তি কর্মকর্তা পরিদর্শনপূর্বক সভাপতিকে অবহিত করে ২৬নং ওয়ার্ড কার্যালয় হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

**(৩)** ১৯নং ওয়ার্ডস্থ বন বিভাগের জমি ওজোপাডিকো অবৈধভাবে দখল করেছে কি-না এবং বন বিভাগের অফিসের দেয়াল বরিশাল সিটি কর্পোরেশনের রাস্তার মধ্যে নির্মাণ করা হয়েছে কি-না সে বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, পরিদর্শনপূর্বক ভূমি অফিস ও বরিশাল সিটি কর্পোরেশনের সার্ভেয়ার দ্বারা পরিমাপপূর্বক সীমানা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সম্পত্তি কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।

**৬নং আলোচ্য সূচী-বিবিধ(ঙ)ঃ** সৈয়দা তাবাচ্ছুম ইসলাম, নগর পরিকল্পনাবিদ (চুক্তিভিত্তিক), বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল বলেন, বর্তমানে মেয়র ও কাউন্সিলর না থাকার কারণে ইতোপূর্বে গঠিত সিএলসিসি এবং ডব্লিউএলসিসি কমিটির অনেক সদস্য ও স্থায়ী কমিটি নেই। এবিষয়ে তিনি সভাপতির সুচিন্তিত মতামত প্রদানের অনুরোধ জানান। বলা হয় যে, বর্তমান কমিটির সদস্য দ্বারা শূণ্য পদ পূরণপূর্বক সিএলসিসি এবং ডব্লিউএলসিসি কমিটি পুনর্গঠন এবং পরবর্তী সাধারণ সভায় স্থায়ী কমিটি গঠনের প্রস্তাব করেন। উপস্থিত সদস্যবৃন্দ এবিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ** বরিশাল সিটি কর্পোরেশনের বর্তমান কমিটির সদস্য সমন্বয়ে সিএলসিসি এবং ডব্লিউএলসিসি কমিটি পুনর্গঠন করার দায়িত্ব নগর পরিকল্পাবিদ, বরিশাল সিটি কর্পোরেশনকে অর্পণ করা হয় এবং পরবর্তী সাধারণ সভায় স্থায়ী কমিটি পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, নগর পরিকল্পনাবিদ, বরিশাল সিটি কর্পোরেশন।

চলমান-

**৬নং আলোচ্য সূচী-বিবিধ(চ)ঃ** জনাব মোঃ হেলাল উদ্দিন খান, সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল সভাপতির অনুমতিক্রমে বলেন, নথুল্লাবাদ বাসটার্মিনাল এলাকায় যানজটের কারণে বিভাগীয় কমিশনার কার্যালয়ের পাশে অবস্থিত লাদেন সড়ক দিয়ে ভারী যানবাহন চলাচল করে। ফলে সড়ক দুর্ঘটনার আশংকাসহ রাস্তাটি ক্ষতিগ্রস্থ হচ্ছে। এবিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হলে সভাপতি বলেন, সড়ক দুর্ঘটনা লাঘবে এবং যানজট নিরসনকল্পে নথুল্লাবাদ বাস টার্মিনাল গড়িয়ার পাড়ে স্থানান্তরের এবং রূপাতলী থেকে নথুল্লাবাদ রুটে সিটি বাস সার্ভিস চালু করার পরিকল্পনা রয়েছে। এবিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ তাদের সমর্থন ব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ** যানজট নিরসনকল্পে নথুল্লাবাদ বাস টার্মিনাল গড়িয়ার পাড়ে স্থানান্তর করা এবং রূপাতলী থেকে নথুল্লাবাদ পর্যন্ত সিটি বাস সার্ভিস চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল সিটি কর্পোরেশন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০১/২০২৫

(মোঃ রায়হান কাওছার)
(অতিরিক্ত সচিব)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার
বরিশাল বিভাগ।

স্মারক নং- বিসিসি/প্রঃসাঃসভাঃনথি-১০/২৩-৮(৩৫)

তারিখঃ ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব........................................................................................................
........................................................................................................
৩। সচিব, বরিশাল সিটি কর্পোরেশন।
৪। বিভাগীয় প্রধান (সকল), বরিশাল সিটি কর্পোরেশন।
৫। শাখা প্রধান (সকল), বরিশাল সিটি কর্পোরেশন।
৬। প্রশাসক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বরিশাল সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

০৭/১/২৫

(মোঃ রেজাউল বারী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
ফোনঃ ০২৪৭৮৮৬১০৪৮
ceo.bcc.gov.bd@gmail.com